

(একই তারিখ ও স্মারকে স্থলাভিষিক্ত হবে)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
প্রশাসন অধিশাখা-৪

নং-৪৪.০০.০০০০.০২২.০১.০০৪.২০১৬-২৩৬

তারিখ : ২৭ অক্টোবর ২০১৬

প্রজ্ঞাপন

বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয়ের ২৭ এপ্রিল ২০১৬ খ্রিঃ তারিখের ৮০.১০৬.০৩৬.০০.০০০৪.২০১৫-৮৭ সংখ্যক পত্রে সুপারিশকৃত নিম্নবর্ণিত প্রার্থীদের মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের 'সহকারী পরিচালক' এর শূণ্যপদের বিপরীতে জাতীয় বেতনস্কেল'২০১৫ এর গ্রেড-৯; টাকা ২২০০০-২৩১০০-২৪২৬০-২৫৪৮০-২৬৭৬০-২৮১০০-২৯৫১০-৩০৯৯০-৩২৫৪০-৩৪১৭০-৩৫৮৮০-৩৭৬৮০-৩৯৫৭০-৪১৫৫০-৪৩৬৩০-৪৫৮২০-৪৮১২০-৫০৫৩০-৫৩০৬০ বেতনক্রমে নিম্নোক্ত শর্ত সাপেক্ষে নিয়োগ প্রদান করা হলোঃ

ক্রমিক নং (মেধাক্রম অনুসারে)	নাম	রেজিঃ নম্বর
১	সোমেন মন্ডল	রেজিঃ নম্বর-৩০৬৩২৪
২	মোঃ এমদাদুল ইসলাম মিঠুন	রেজিঃ নম্বর-০২২৪১০
৩	নাহিদ ফেরদৌস	রেজিঃ নম্বর-০৫২৮৯৭
৪	আবু আব্দুল্লাহ জাহিদ	রেজিঃ নম্বর-০৭৯৫৭২
৫	এস, এম, রাসেল ইসলাম নূর	রেজিঃ নম্বর-০৬০৪১০
৬	ফাহিমদা সুলতানা নেসি	রেজিঃ নম্বর-০৩০৫৫৬
৭	এস, এম সাকিব হোসেন	রেজিঃ নম্বর-০৩১২৪০
৮	মোঃ তানজির হোসেন খান	রেজিঃ নম্বর-০১২৯৬৯

- ক) যোগদানের তারিখ হতে বিধি মোতাবেক তিনি ০২(দুই) বছর শিক্ষানবীশ হিসেবে থাকবেন। এ সময়ের মধ্যে আয়োজিত প্রশিক্ষণে তাঁকে অংশগ্রহণ এবং গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। শিক্ষানবীশকালে যদি তিনি চাকুরিতে বহাল থাকার অনুপযোগী বলে বিবেচিত হন তবে কোন কারণ দর্শানো ছাড়াই এবং সরকারি কর্মকমিশনের পরামর্শ ব্যতিরেকেই তাকে চাকুরি থেকে অপসারণ করা যাবে;
- খ) প্রশিক্ষণ শুরু হওয়ার পূর্বে একজন জামানতদারসহ তাঁকে ৩০০/- (তিনশত) টাকা মূল্যের নন জুডিশিয়াল স্টাম্প এ মর্মে একটি বন্ড সম্পাদন করতে হবে যে, যদি তিনি শিক্ষানবীশকালে অথবা শিক্ষানবীশকাল উত্তীর্ণ হওয়ার ০৩(তিন) বছরের মধ্যে চাকুরি থেকে ইস্তফা দেন তবে প্রশিক্ষণকালে তাঁকে বেতন, আনুতোষিক এবং তাঁর প্রশিক্ষণের জন্য ব্যয়িত সমুদয় অর্থ সরকারকে ফেরত দিতে বাধ্য থাকবেন;
- গ) বাংলাদেশ সরকারি কর্মকমিশন প্রদত্ত মেধা তালিকা ও প্রচলিত অন্যান্য সরকারি বিধি মোতাবেক তাঁর জ্যেষ্ঠতা নির্ধারিত হবে;
- ঘ) চাকুরিতে থাকাকালে সরকারি সকল বিধি বিধান তাঁর ক্ষেত্রে প্রযোজ্য হবে;
- ঙ) এ পত্রে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয় নাই এরূপ ক্ষেত্রে তাঁর চাকুরি সংক্রান্ত বিষয়ে সরকারের প্রচলিত বিধি-বিধান এবং সরকার কর্তৃক ভবিষ্যতে প্রণীতব্য বিধি-বিধান দ্বারা তাঁর চাকুরি নিয়ন্ত্রিত হবে;
- চ) চাকুরিতে নিয়োজিত থাকাকালীন কর্তৃপক্ষের পূর্বানুমতি ব্যতিরেকে অন্যত্র চাকুরির জন্য আবেদন করা বা কোন শিক্ষা প্রতিষ্ঠানে অধ্যয়ন করা যাবে না;
- ছ) মুক্তিযোদ্ধা প্রার্থীর ৩০০/- (তিনশত) টাকা মূল্যের নন জুডিশিয়াল স্টাম্প 'মুক্তিযোদ্ধা সনদের চূড়ান্ত যাচাইয়ে মুক্তিযোদ্ধার সঠিকতা সম্পর্কে বিরূপ কোন তথ্য পাওয়া গেলে গৃহীত সমুদয় সুবিধাদি প্রত্যর্পণ করতে বাধ্য থাকবেন' মর্মে অঙ্গীকারনামা প্রদান করবেন;
- জ) যোগদানের জন্য কোন প্রকার ভ্রমণভাতা বা দৈনিকভাতা প্রদান করা হবে না।
- ২। যদি উক্ত শর্তাবলী তাঁর নিকট গ্রহণযোগ্য হয় তাহলে পত্র প্রাপ্তির ০৭ (সাত) কর্মদিবসের মধ্যে সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয় বরাবরে যোগদানের নির্দেশ দেয়া হলো। নির্ধারিত তারিখের মধ্যে চাকুরিতে যোগদান না করলে তিনি চাকুরীতে যোগদান করতে সম্মত নন বলে ধরে নেয়া হবে এবং এ নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে।
- ৩। জনস্বার্থে এ নিয়োগ আদেশ জারী করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

(নিরোদ চন্দ্র মন্ডল)

উপসচিব

ফোনঃ ৯৫৭৩২২৯

নং-৪৪.০০.০০০০.০২২.০১.০০৪.২০১৬-২৩৬(২২)

তারিখ : ২৭ অক্টোবর ২০১৬

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো :-

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ/মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।
- ২। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়/ প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
- ৩। সচিব, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, ঢাকা।
- ৪। কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল, বাংলাদেশ ঢাকা।
- ৫। মহাপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর ঢাকা (মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের ১৯/০৯/২০১৬ তারিখের ৪৮.০০.০০০০.০০২.১৬.১৯১০.২০১৫/১৩২৩ নং স্মারকে প্রাপ্ত প্রতিবেদন এতদসঙ্গে প্রেরণ করা হ'ল। উক্ত প্রতিবেদনের শর্তানুযায়ী মুক্তিযোদ্ধা প্রার্থীদের বিষয়ে পরবর্তী ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশনা প্রদান করা হলো)
- ৬। যুগ্মসচিব (নিরাপত্তা-২ অধিশাখা), স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা। (নব নিয়োগপ্রাপ্ত কর্মকর্তাদের স্বরাষ্ট্র মন্ত্রণালয়ে যোগদানের নিমিত্ত বাংলাদেশ সচিবালয়ে প্রবেশের অনুরোধসহ)
- ৭। মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
- ৮। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
- ৯। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।
- ১০। উপ-পরিচালক, বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (গেজেটের পরবর্তী সংখ্যা প্রকাশের অনুরোধসহ)।
- ১১। অতিরিক্ত সচিব (প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
- ১২। সহকারী প্রোগ্রামার, আইসিটি সেল, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা (প্রজ্ঞাপনটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ১৩। জনাব.....

(নিরোদ চন্দ্র মন্ডল)
উপসচিব